# POPI

# নিয়োগ বিজ্ঞপ্তি

পিপল্‌স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (**পপি**) জাতীয় পর্যায়ের একটি বেসরকারি উন্নয়ন সংস্থা। পপি ২০১০ইং সন থেকে নিকলী উপজেলায় ভাসমান বিদ্যালয় ও স্বাস্থ্যসেবা কর্মসূচি পরিচালনা করে আসছে। সম্প্রতি ভাসমান বিদ্যালয়ের কার্যক্রম কিশোরগঞ্জ সদর উপজেলায়ও সম্প্রসারণ করা হয়েছে। প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের লক্ষে  কিশোরগঞ্জ জেলার নিকলী উপজেলায় নিম্নলিখিত পদে কাজ করতে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**পদের নাম** ঃ প্রজেক্ট অফিসার।

**বেতন** ঃ ২২,০০০/- এবং প্রকল্প নির্ধারিত অন্যান্য সুযোগ সুবিধা।

**কর্মস্থল** ঃ কিশোরগঞ্জ জেলার নিকলী উপজেলা।

প্রকল্প মেয়াদ ঃ ৩০শে জুন ২০২৭ পর্যন্ত।

বয়স ঃ ৩৫ বছর।

**দায়িত্ব ও কর্তব্যঃ**

- প্রকল্পের সাথে সম্পৃক্ত উপকারভোগী এবং প্রকল্পের অন্যান্য কর্মীদর সাথে কার্যকরী যোগাযোগ ও সমন্বয়ের মাধ্যমে সামাজিক কার্যক্রম বাস্তবায়ন, জরিপ কার্য সম্পাদন, তালিকা প্রস্তুতকরণ, যাচাই বাছাই পূর্বক উপযুক্ত শিক্ষার্থী ভর্তি, সিএমসি গঠন, পাঠ্যপুস্তক ও উপকরণ সরবরাহ কর্মকান্ড বাস্তবায়ন করা;
- শিক্ষক প্রশিক্ষণের আয়োজন এবং প্রশিক্ষণ পরিচালনা করা;
- নিয়মিত সুপারভিশন করা;
- সিএমসি সভা ও অভিভাবক সভা নিশ্চিতকরণ;
- কর্মী সভা ও শিক্ষক রিফ্রেসার্স প্রশিক্ষণ নিশ্চিতকরণ;
- উপজেলা পর্যায়ের কর্মসূচি সংক্রান্ত হালনাগাদ তথ্য উপাত্ত সংগ্রহ ও সংরক্ষণ;
- শিক্ষার্থী মূল্যায়ন, পাঠদানের অগ্রগতি নিরুপণ ও নিয়মিত বিদ্যালয় পরিদর্শন নিশ্চিতকরন;
- নিয়মিত মাসিক অগ্রগতি প্রতিবেদন ও মনিটরিং প্রতিবেদন প্রস্তুত ও যথাযথ কর্তৃপক্ষের বরাবরে প্রেরণ করা;
- প্রকল্পের আওতায় বিভিন্ন জাতীয় ও আর্ন্তজাতিক দিবস উদযাপন করার আয়োজন ও অংশগ্রহন করা;
- ইউনিয়ন/উপজেলা পর্যায়ে ইস্যুভিত্তিক এডভোকেসী কার্যক্রম পরিচালনা করা;
- কর্মএলাকায় প্রয়োজনানুসারে হেলথ্‌ ক্যাম্প এর আয়োজন করা;
- অফিসিয়াল রেকর্ড পত্র হালনাগাদ রাখা;
- প্রকল্পের প্রয়োজনে এবং সংস্থা কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করা।

**শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ঃ** প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রীধারী হতে হবে। সংশ্লিষ্ট পদে/কাজে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**অন্যান্য শর্তাবলী ঃ**

- কম্পিউটারে কাজ করার দক্ষতা থাকতে হবে।
- শিক্ষা কর্মসূচিতে কাজের অভিজ্ঞতা বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে
- বৈধ লাইসেন্সসহ মোটরসাইকেল চালনায় পারদর্শী হতে হবে।

আগ্রহী প্রার্থীদেরকে জাতীয় পরিচয়পত্রসহ যাবতীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি রঙ্গিন ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, পেশা, পদবী, মোবাইল নম্বর এবং আবেদনকারীর পূর্নাঙ্গ জীবনবৃত্তান্ত মোবাইলনম্বরসহ আবেদনপত্র আগামী ১৫/০৭/২০২৬ তারিখের মধ্যে মানবসম্পদ ও প্রশিক্ষণ বিভাগ, পিপল্‌স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। ইমেইলেও আবেদন পাঠাতে পারেন: hr@popibd.org । **খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে।** শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে।

**“নারী-শিশু নির্যাতন ও ঝুঁকিপূর্ণ শিশুশ্রম দণ্ডনীয় অপরাধ”**

web: www.popibd.org